13 FEB 1991

তারিখ ... 13 FEB 1991 ...

পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৭ ...

দৈনিক সংবাদ

183

# এরশাদের বিচারের দাবীতে ক্যাম্পাসে ছাত্রঐক্যের বিক্ষোভ

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

অবিলম্বে স্বৈরাচারী এরশাদের বিচার ও কারাগারে প্রেরণের দাবীতে ও আগামীকাল ১৪ই ফেব্রুয়ারী স্বৈরাচারবিরোধী দিবসে ছাত্রঐক্যের কর্মসূচীর সমর্থনে সর্বদলীয় ছাত্রঐক্য গতকাল মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়

( শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ )

## ছাত্রঐক্যের বিক্ষোভ

(১ম পাতার পর)

ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে।

মধুর ক্যান্টিনের সামনে আয়োজিত সমাবেশে ছাত্রনেতা ফয়জুল হাকিম লালা বক্তব্য রাখেন।

তিনি আসন্ন জাতীয় সংসদ নির্বাচনের পূর্বেই স্বৈরাচারী এরশাদের বিচারের দাবী জানিয়ে বলেন, এরশাদের বিচার নিয়ে কোন টালবাহানা এ দেশের ছাত্রসমাজ সহ্য করবে না।

### মুক্তি দাবী

সর্বদলীয় ছাত্রঐক্যের নেতৃবৃন্দ এক যুক্ত বিবৃতিতে গণতান্ত্রিক ছাত্র ইউনিয়ন নেতা সাখাওয়াত হোসেনের মুক্তি দাবী করে অবিলম্বে তার বিরুদ্ধে দায়েরকৃত সকল মিথ্যা মামলা প্রত্যাহারের দাবী জানান।

### প্রভোস্টের ওপর হামলার নিন্দা

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির এক জরুরী সভায় গত সোমবার গভীর রাতে জহুরুল হক হলের প্রভোস্টের ওপর কতিপয় দুষ্কৃতকারীর হামলার নিন্দা করা হয়।